

■ সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৭৩৯

১৭/ ওয়ারিসী স্বত্ত্ব বণ্টন (كتاب الفرائض)

পরিচ্ছেদঃ ১৭/১০. আসাবার মীরাস

بَابِ مِيرَاثِ الْعَصَبَةِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ حَكِيمٍ، حَدَّثَنَا أَبُو بَحْرٍ الْبَكْرَاوِيُّ، حَدَّثَنَا إِسْرَائِيلُ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنِ الْحَارِثِ، عَنْ عَلَيِّ بْنِ أَبِي طَالِبٍ، قَالَ قَضَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّ أَعْيَانَ بَنِي الْأُمِّ يَتَوَارَثُونَ دُونَ بَنِي الْعَلَاتِ يَرِثُ الرَّجُلُ أَخَاهُ لَأَبِيهِ وَأُمِّهِ دُونَ إِخْوَتِهِ لَأَبِيهِ .

বাংলা

১/২৭৩৯। 'আলী ইবনে আবু তালিব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফয়সালা দিয়েছেনঃ একই মায়ের সন্তানরা পরস্পরের ওয়ারিস হবে, বৈমাত্রেয় ভাইগণ নয়। মানুষ তার সহোদর ভাই-বোনের ওয়ারিস হবে, বৈমাত্রেয় ভাই-বোনের নয়।

English

It was narrated that 'Ali bin Abu Talib said:

"The Messenger of Allah (ﷺ) ruled that the sons from the same mother inherit from one another, but not sons from different mothers. A man inherits from his full brother from the same father and mother, but not his brothers from his father."

ফুটনেট

তিরিমিয়ী ২০৯৪, ২০৯৫, আহমাদ ১২২৬, দারেমী ২৯৮৩।

তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী ১. আবু বাহর আল-বাকরাবী সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু হাতিম আর-রায়ী বলেন, তার থেকে হাদিস গ্রহণ করা

যায় তবে তা দলীলযোগ্য নয়, তিনি নির্ভরযোগ্য নয়। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, মানুষ তার হাদিস বর্জন করেছে। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, আমার দৃষ্টিতে তিনি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল। (তাহফীবুল কামালঃ রাবী নং ৩৮৯৭, ১৭/২৭১ নং পৃষ্ঠা) ২. হারিস (বিন আবদুল্লাহ) সম্পর্কে ইয়াহইয়া বিন মাওন ও আহমাদ বিন সালিহ আল-মিসরী বলেন, তিনি সিকাহ। ইমাম নাসাই বলেন, কোন সমস্যা নেই। আলী ইবনুল মাদীনী তাকে মিথ্যক বলেছেন। আবু যুরআহ আর-রায়ী বলেন, তার হাদিস গ্রহণযোগ্য নয়। আবু হাতিম আর-রায়ী বলেন, হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়। উক্ত হাদিসটি শাহিদ এর ভিত্তিতে সহিহ। (তাহফীবুল কামালঃ রাবী নং ১০২৪, ৫/২৩৯ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুঁঁচনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=43355>

�� হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন